কালের কণ্ঠ

তারিখ: 04 JAN 2015
পৃষ্ঠা ৬ কলাম ২

# বেসরকারি শিক্ষকদের সরকারি পে-স্কেলে অন্তর্ভুক্তির দাবি

নিজস্ব প্রতিবেদক ▶

বেসরকারি শিক্ষক-কর্মচারীদের আগের মতো সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে একযোগে পে-স্কেলে অন্তর্ভুক্তির দাবি জানিয়েছে বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ। গতকাল শনিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবি জানায় সংগঠনটি।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ আবু বকর সিদ্দিক। তিনি বলেন, 'বর্তমান সরকার শিক্ষাবান্ধব। সরকারের ভাবমূর্তিকে ক্ষুণ্ণ করার জন্য বেসরকারি শিক্ষকদের পে-স্কেল প্রদান ছয় মাস পর থেকে কার্যকর করার সুপারিশ করা হয়েছে। এ প্রস্তাব দেশের এমপিওভুক্তি পাঁচ লাখ শিক্ষক-কর্মচারীকে ব্যথিত করেছে।'

শিক্ষক নেতারা জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারই ১৯৯৭ সালে স্বয়ংক্রিয়ভাবে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের জাতীয় বেতন স্কেলে অন্তর্ভুক্তি করেছিল। তাই এবারের স্কেলেও তাঁদের অন্তর্ভুক্তি করতে প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন শিক্ষক নেতারা।

সংবাদ সম্মেলনে নতুন কর্মসূচি ঘোষণা করে সংগঠনটি। কর্মসূচির মধ্যে রয়েছে ১৯ জানুয়ারি সারা দেশে প্রতিটি উপজেলার নির্বাহী কর্মকর্তার মাধ্যমে ও ২২ জানুয়ারি জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি প্রদান এবং আগামী ১৪ ফেব্রুয়ারি ঢাকায় জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন কর্মসূচি পালন।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. নুর মোহাম্মদ তালুকদার, বেসরকারি কারিগরি শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ মো. শাহজাহান আলম সাজু, মো. আবুল কাশেম, অধ্যক্ষ মোখছেদুর রহমান, প্রফেসর আজিজুর রহমান প্রমুখ